অঃ জেলা প্রশাসক
অঃ জেঃ প্রঃ (সাঃ)
অঃ জেঃ প্রঃ (রাঃ)

প্রাপ্তি নং-........
তারিখ-........
শাখায় প্রাপ্তির নং-........
নথি নং-........
তারিখ-........

জেলা প্রশাসকের কার্যালয়
খাগড়াছড়ি পার্বত্য জেলা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
পর্যটন শাখা-১

নং-বিপমপম/পর্যটন-৩২/২০০৩-

তারিখ [illegible]

প্রজ্ঞাপন

দেশের পর্যটনের দিক থেকে গুরুত্বপূর্ণ স্থানসমূহের উন্নয়ন ও ব্যবস্থাপনার জন্য নিম্নরূপভাবে জেলাভিত্তিক পর্যটন উন্নয়ন কমিটি গঠন করা

| | |
|---|---|
| (১) জেলা প্রশাসক | - আহবায়ক |
| (২) পুলিশ সুপার | - সদস্য |
| (৩) সিভিল সার্জন | - সদস্য |
| (৪) নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | - সদস্য |
| (৫) নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ | - সদস্য |
| (৬) নির্বাহী প্রকৌশলী, পাউবো | - সদস্য |
| (৭) নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | - সদস্য |
| (৮) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | - সদস্য |
| (৯) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর | - সদস্য |
| (১০) সচিব, জেলা পরিষদ | - সদস্য |
| (১১) সিটি কর্পোরেশন/ পৌরসভা-র প্রতিনিধি | - সদস্য |
| (১২) বিভাগীয় বন কর্মকর্তা/বন অধিদপ্তরের প্রতিনিধি | - সদস্য |
| (১৩) উপজেলা নির্বাহী কর্মকর্তা (পর্যটনের দিক থেকে গুরুত্বপূর্ণ উপজেলার) | - সদস্য |
| (১৪) পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি | - সদস্য |
| (১৫) বাংলাদেশ বিমানের প্রতিনিধি- (যে সব জেলায় বাংলাদেশ বিমানের কার্যালয় রয়েছে, সেসব জেলার ক্ষেত্রে প্রযোজ্য) | - সদস্য |
| (১৬) স্থানীয় বেসরকারী খাতের হোটেল রিসোর্ট বা রেষ্টুরেন্ট এর প্রতিনিধি - ১ জন | - সদস্য (আহবায়ক মনোনীত করবেন) |
| (১৭) বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের কর্মকর্তা | - সদস্য-সচিব ( সংশ্লিষ্ট জেলায় বাপক-র কোন দপ্তর না থাকলে জেলা প্রশাসক মনোনীত কর্মকর্তা সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন) |

২। কমিটির কার্যপরিধি নিম্নরূপ হবে :

(১) জেলার পর্যটন আকর্ষণীয় স্থানসমূহের তালিকা সংরক্ষণ/ প্রণয়ন এবং সে সকল স্থানের যাতায়াত ব্যবস্থাসহ অন্যান্য সুবিধাদি পর্যালোচনা ও উন্নয়নের প্রয়োজনীয়তা নির্ধারণ,
(২) পর্যটন আকর্ষণীয় স্থানসমূহের নিরাপত্তা ও শৃংখলা বজায় রাখার ব্যবস্থা গ্রহণ,
(৩) পর্যটন আকর্ষণীয় স্থানসমূহে পর্যটকদের যাতায়াত ও অবস্থানের জন্য স্বাচ্ছন্দ্য বিধানের প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ (যেমন: পানি ও বিদ্যুৎ সরবরাহ ইত্যাদি নিশ্চিত করা );
(৪) পর্যটন স্থানসমূহের যথাযথ ব্যবহারের বিষয়াদি তদারকি,
(৫) বিদেশী পর্যটকদের ব্যবহারের জন্য বিশেষ এলাকা ( যেমন, কক্সবাজার) নির্ধারণের অবকাশ থাকলে সেরূপ এলাকা নির্ধারণের জন্য সরকারের নিকট সুপারিশ প্রদান,
(৬) পর্যটন স্থানসমূহের উন্নয়ন সংক্রান্ত বিষয়ে সরকারের নিকট সুপারিশ পেশ করা,
(৭) এ কমিটির আলোকে উপজেলা ভিত্তিক ( পর্যটনের দিক থেকে গুরুত্বপূর্ণ হলে) কমিটি গঠন ও কমিটি-র কার্যক্রম পরিবীক্ষণ
(৮) পর্যটন সংক্রান্ত অন্য যে কোন প্রাসঙ্গিক বিষয়।

---

৩। যে সব জেলা পর্যটন কেন্দ্র হিসেবে উল্লেখযোগ্য নয় সেসব জেলায় এ কমিটি গঠন করার প্রয়োজন না থাকলে প্রাথমিকভাবে কমিটির ১ সভা করে কার্যবিবরণীতে সে মর্মে উল্লেখ করে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কার্যবিবরণীর অনুলিপি এ মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। প্রাথমিকভাবে গুরুত্বপূর্ণ বলে চিহ্নিত জেলাগুলোর তালিকা সংযুক্ত করা হল।

৪। ইতোপূর্বে চট্টগ্রাম, কক্সবাজার ও পটুয়াখালীতে গঠিত কমিটি চালু রাখা যেতে পারে কিংবা এ কমিটির সাথে একীভূত করে কার্য পরিচালনা করা যেতে পারে।

৫। কমিটি প্রয়োজনবোধে অন্য কোন সদস্যকে কো-অপ্ট করতে পারবে (যেমন নদীভিত্তিক পর্যটনের সম্ভাবনা আছে এমন জেলায় বিআইডব্লিউটিএ-র প্রতিনিধিকে অন্তর্ভুক্ত করা যেতে পারে)।

৬। কমিটি পর্যটন মৌসুমে (অক্টোবর-মার্চ) প্রতিমাসে একবার এবং অন্যান্য সময়ে দু/তিন মাসে একটি করে সভা করবে।

স্বাক্ষরিত/-
১০/০৮/০৪
(ডাঃ মোঃ নুরুন্নবী)
উপ-সচিব (পর্যটন)

উপ-নিয়ন্ত্রক,
বি. জি. প্রেস, তেজগাঁও,
ঢাকা। (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধ করা হল)

নং - বিপম/পশা-১/বাপক-৩২/২০০৩-৬৫১/১(১৮)

তারিখ : ১০-০৮-২০০

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল :

১। মন্ত্রিপরিষদ সচিব/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। সচিব, সংস্থাপন/স্বরাষ্ট্র/স্বাস্থ্য ও পরিবার কল্যাণ/যোগাযোগ/পানি সম্পদ/গৃহায়ন ও গণপূর্ত/পরিবেশ ও বন মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার/বিদ্যুৎ বিভাগ।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন।
৪। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর/গণপূর্ত অধিদপ্তর।
৫। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর।
৬। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর।
৭। জেলা প্রশাসক (সকল), কমিটির সংশ্লিষ্ট সদস্যদের এ প্রজ্ঞাপনের অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।
৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, এ মন্ত্রণালয়।

(মুনীরা সুলতানা)
সিনিয়র সহকারী সচিব(পর্যটন-১)
ফোন : ৯৫৬৮৪০৪